W.B. Form No. 27

CCTNS CODE · 32707009/24/0160

# FIRST INFORMATION REPORT

2360

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS

1. Dist. Purulia Sub-Divn. Manbazar P.S. Barabazar Year 2024 FIR No. 160/24 Date 23/9/24
2. i) Act BNS Sections 85/115(2) ii) Act x Sections x
   iii) Act x Sections x iv) Other acts & Sections 3/4 DP Act.
3. a) General Diary Reference : Entry No. 1170
   b) Occurrence of Offence : Day after marriage & lastly on 10/9/24 Date Time 12:05 hrs at 18:00 hrs.
   c) Information received Date 23/9/24 Time 12:05 hrs G.D. No. 1170 at the P.S.
4. Type of Information : Written / Oral written
5. Place of Occurrence : a) Direction and Distance from P.S. approx 15 km west side from P.S.
   b) Address At vill- Borodih, P.S. Boro, Dist- Purulia
   Beat No. DL-M-188
   c) In case outside limit of this Police Station, then the name of P.S. x District x
6. Complainant / Informant : Complainant
   a) Name Parbati Sardar
   b) Father's / Husband's Name W/o- Biplab Sing Sardar, D/o- Bhuban Sardar
   c) Date / Year of birth not noted d) Nationality Indian
   e) Address vill- Dumurdih, P.S.- Barabazar, Dist- Purulia
7. Details of known/suspected /unknown/accused with full particulars (Attach separate sheet, if necessary) : (1) Biplab sing Sardar, s/o- Lt. Bahadur sing Sardar (2) Jitubala sing Sardar, w/o- Lt Bahadur sing Sardar (3) Bimal sing Sardar, s/o Lt Bahadur sing Sardar (4) Shyamal sing Sardar, s/o Lt Bahadur sing Sardar (5) Sonia sing Sardar, w/o Bimal sing Sardar all are of vill- Boradih, P.S. Boro, Dist- Purulia
8. Reasons for delay in reporting by the complainant/informant x
9. Particulars of properties stolen/involved : (Attach separate sheet, if required) : x
10. Total value of properties stolen/involved x
11. Inquest report/U.D. Case No., if any : x
12. FIR Contents : (Attach separate sheet, if required) The original written complaint of the complainant, which is treated as FIR is reproduced below.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 85/115(2) BNS & 3/4 DP Act
   registered the case and took up the investigation/directed ASI Sandip Mukherjee to take up the investigation/transferred to P.S. on point of jurisdiction. FIR read over to the Complainant/informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/informant free of cost.
   As per order I registered this case

Parbati Sardar

Signature / Thumb impression of the Complainant/informant

Signature of the Officer-In-Charge, Police Station 23/09/24

Inspector-in-charge Barabazar Police Station Dist- Purulia

Name SHRI RATNA SARATHI CHAKRABARTY

Rank Inspector of Police

Number if any O/C, Barabazar P.S. Dist Purulia

To
The inspector-in- charge
Barabazar Police Station
Barabazar, Purulia

মহাশয়,

আমি পার্বতী সর্দার স্বামী বিপ্লব সিং সর্দার পিতা ভুবন সর্দার বর্তমান নিবাস গ্রাম ডুমুরডি, পোঃ- ডুমুরডি, থানা বরাবাজার, জেলা পুরুলিয়া । গত বছর ফাল্গুন মাসে বোরো থানার অন্তর্গত বরাডি গ্রামের * বাহাদুর সিং সর্দারের ছেলে বিপ্লব সিং সর্দারের সাথে হিন্দু শাস্ত্র মতে আমার বিবাহ হয় । বিবাহের সময় আমার স্বামী এবং শ্বশুর বাড়ীর দাবী অনুসারে সোনা এবং রূপার গয়না, নগদ ৫০,০০০/- টাকা এবং অন্যান্য দানসামগ্রী যৌতুক হিসাবে দেওয়া হয় । বিবাহের পর আমি আমার স্বামী বিপ্লব সর্দারের সাথে আমার শ্বশুর বাড়িতে উঠি এবং সংসার শুরু করি । আমার শ্বশুর বাড়িতে আমার স্বামী ছাড়া আমার শ্বাশুড়ি জিতুবালা সিং সর্দার স্বামী * বাহাদুর সিং সর্দার আমার দুই ভাসুর বিমল সিং সর্দার এবং শ্যামল সিং সর্দার উভয়ের পিতা * বাহাদুর সিং সর্দার এবং আমার জা সোনিয়া সি সর্দার স্বামী বিমল সিং সর্দার বাস করে এবং আমাদের একান্নবর্ত্তী পরিবার । আমার স্বামী বিপ্লব সিং সর্দার পরিযায়ী শ্রমিক এবং কাজের সূত্রে মহারাষ্ট্রে গিয়ে থাকে । ৩-৪ মাস পর বাড়ি আসে এবং ১৫-৩০ দিনের জন্য আসে ।

বিয়ের পর থেকেই আমার শ্বশুর বাড়িতে আমাকে সমস্ত কাজ কর্ম করতে হত । আর কোন কাজে অল্প কোন ভুল হলেই শ্বশুর বাড়ির লোকজন বিভিন্নভাবে লাঞ্ছনা গঞ্জনা করত । বিভিন্ন সময়ে বাপের বাড়ি থেকে টাকা আনার জন্য চাপ দিত । আমার স্বামী বিপ্লব সিং সর্দার মদ-মাতাল । সেও যখন আমার সাথে থাকতো নেশা করে কারনে অকারনে আমাকে মারধর করত, বাড়ি থেকে বের করে দিত ।

গত ১০/০৯/২০২৪ তারিখ সন্ধ্যে ৬ টা নাগাদ আমার স্বামী বিপ্লব সিং সর্দার একটি মোটর সাইকেল কেনার জন্য তার ১,০০,০০০/- টাকার দরকার, আর আমাকে বলে যে আমার বাবার কাছ থেকে জেন আমি ৫০,০০০/- টাকা জোগাড় করে তাকে দিই , আমি প্রতিবাদ করে বলি যে আমার বাবা দিন মজুর অত টাকা দিতে পারবে না , ঐ সময়েও বিপ্লব নেশাগ্রস্ত ছিল , আর আমার কথাগুলো শুনে ও প্রচন্ড রেগে গিয়ে আমার ওপর ঝাঁপিয়ে পড়ে আর এলোপাথাড়ি আমাকে বেধড়ক মারতে থাকে । আওয়াজ শুনে আমার শ্বাশুড়ি জিতুবালা সিং সর্দার দুই ভাসুর বিমল সিং সর্দার ও শ্যামল সিং সর্দার এবং জা সোনিয়া সিং সর্দার বেরিয়ে এসে সব দেখে কিন্তু বিপ্লব কে না আটকে উপরন্তু ওরাও আমার ওপর চড়াও হয় , আর কিল চড় ঘুসি মারতে থাকে আর বলতে থাকে মার ওকে আরো মার , ওর খুব

বাড় বেড়েছে ঐসব কথা শুনে বিপ্লব সিং সর্দ্দার আরো উত্তেজিত হয়ে ওঠে এবং সজোরে আমাকে গলা টিপে ধরে আমাকে শ্বাসরোধ করে মারার চেষ্টা করে । ঝামেলা অশান্তির আওয়াজ পেয়ে পাড়া প্রতিবেশি এসে আমাকে রক্ষা করে । এরপর আমার স্বামী ও শ্বশুরবাড়ীর লোকজন আমাকে বাড়ি থেকে বার করে দেয় । পরে আমার বাবা এসে আমাকে বাপের বাড়ি নিয়ে যায় ।

উপরোক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে মহাশয়ের কাছে আমার সবিনয় নিবেন এই যে আমার এই অভিযোগপত্র গ্রহন করা হোক এবং উপরোক্ত দোষি ব্যাক্তিদের বিরূদ্ধে যথাযথ আইনী ব্যবস্থা নিয়ে কঠোর শাস্তির ব্যবস্থা করা হোক ।

এই অভিযোগপত্র আমার কথামতো লিখা হয়েছে , লিখার পর আমাকে পড়ে শোনানো হয়েছে এবং শুনে বুঝে আমি এই অভিযোগপত্রে সহি করিলাম ।

বিনীত

Parbati Sardar

Information received on
23/9/24 At 12:05 hrs
& Started Barabazar P-S
Case No - 160/24, dtd - 23/9/24
U/S - 85/115(2) BNS & 3/4 DP
Act

[signature] 23/9/24

BARABAZAR P.S. ★ Dist.-Purulia ★